

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২৩৭

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪. সালাত আদায়কারী ব্যক্তির সুতরা বা আড় - সালাতকে কোন কিছু বিনষ্ট করতে পারে না

আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «لَا يَقْطَعُ الصَّلَاةَ شَيْءٌ, وَادْرَأْ مَا اسْتَطَعْتَ». أَخْرَجَهُ أَبُو دَاوُدَ, وَفِي سَنَدِهِ ضَعَفْتٌ

ضعيف. رواه أبو داود (719) وتمامه عنده: «فإنما هو شيطان». وعلته في أحد رواته، وهو مجالد بن سعيد فإنه ضعيف، ثم هو قد اضطرب في الحديث، فمرة رفعه ومرة أوقفه. وكذا وقع في الأصلين: «وادرأ ما استطعت» وهو في «السنن» بلفظ الجمع

বাংলা

২৩৭. আবূ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আলাইহি অসাল্লাম বলেছেনঃ কোন কিছুই সালাতকে বিনষ্ট করতে পারবে না; তবে তোমরা সাধ্যানুযায়ী প্রতিহত করতে (বাধা দিতে) থাকবে। এর সানাদ দুর্বল।[1]

ফুটনোট

[1] यঈফ। আবূ দাউদ ৭১৯) হাদীসের বাকী অংশ হচ্ছে: فإنما هو شيطان সে তো শয়তান। এ হাদীসের এক বরাতে ক্রটি রয়েছে। তিনি হচ্ছেন, মুজালিদ বিন সাঈদ। সে দুর্বল। তারপরও কথা হচ্ছে যে, ঐ রাবী হাদীসে ইযতিরাব করেছে। সে কখনও হাদীসটিকে মারফু হিসেবে বর্ণনা করেছেন আবার কখনো মওকুফ হিসেবে বর্ণনা করেছে। তানকীহুত তাহকীক (১/১৮৭) গ্রন্থে ইমাম যাহাবী বলেন, এ হাদীসের সনদে ইবরাহীম খুযী আছে, তিনি



পরিত্যক্ত। নাইলুল আওতার (৩/১৫) গ্রন্থে ইমাম শাওকানীর উক্ত রাবীকে দুর্বল আখ্যায়িত করেছেন। ফাতহুল বারীতে (২/১৯৬) গ্রন্থে ইবনে রজব উক্ত রাবীকে অত্যন্ত দুর্বল হিসেবে আখ্যায়িত করেছেন। এছাড়া তুহফাতুল আহওয়াযী (২/১৩৭) গ্রন্থে আব্দুর রহমান মুবারকপুরী, ইবরাহীম বিন ইয়াযিদ আলখুযীকে দুর্বল হিসেবে আখ্যায়িত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন